**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**12 MARCH 2025** **7:35 AM IST**

==========================================================================

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ তিন দিনের আসাম সফর সূচী নিয়ে আগামী শুক্রবার গুয়াহাটী আসছেন । শ্রী শাহ আগামী শনিবার দেরগাও-এ থাকা লাচিত বরফুকন পুলিশ প্রশিক্ষন কেন্দ্রে একটি বিশেষ অনুষ্ঠানে এবং আফামী রবিবার কোকরাঝারে অপর একটি অনুষ্ঠানে অংশ নেবেন।

---

রাজ্যপাল লক্ষন প্রসাদ আচার্যের পৌরহিত্যে ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ে গতকাল ত্রয়োবিংশতিতম দীক্ষান্ত সমারোহ অনুষ্ঠিত হয় । রাজ্যপাল শ্রী আচার্য ভাষন প্রসংগে বর্তমান সময়ে শিক্ষার ক্ষেত্রে সম্মুখীন হোয়া প্রত্যাহ্বান ও নতুন পদ্ধতিতে কিভাবে নিজে সহ সমাজকে এগিয়ে নিয়ে যাওয়া যায় সেসম্পর্কে আলোচনা করেন । সমারোহে এক হাজার ৮৮৮ জন শিক্ষার্থীকে ডিগ্রী প্রদান করা হয় । সমারোহে ১১৪ জন গবেষক শিক্ষার্থীকে ডক্টরেট ডিগ্রী প্রদান করা সহ ৩৮ জন কৃতি শিক্ষার্থীকে স্বর্ন পদক প্রদান করা হয় ।

---

কেন্দ্রীয় সরকার আগামী তিন বছরের মধ্যে দেশের প্রতিটি জেলায় কর্কট রোগের চিকিৎসার জন্য ডে কেয়ার কেন্দ্র চালু করবে । গতকাল রাজ্যসভায় এক প্রশ্নের উত্তরে স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা বলেন যে ২০২৫-২৬ অর্থ বছরে দেশে ২০০ টি ডে কেয়ার কেন্দ্র স্থাপন করা হবে । শ্রী নাড্ডা সাম্প্রতিক কিছু তথ্য তুলে ধরে বলেন যে আয়ুষ্মান ভারত - প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা রূপায়নের পর থেকে কর্কট রোগীদের রোগ শণাক্ত হবার ৩০ দিনের মধ্যে চিকিৎসা আরম্ভ করা হয় । জাতীয় স্বাস্থ্য অভিযানের অধীনে সরকার সুলভ ও গুণগত মানের স্বাস্থ্য সেবা প্রদানের ক্ষেত্রে কাজ করে আসছে বলে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী নাড্ডা জানান ।

---

রাজ্যের মূলধনী ব্যয় ২০১৫-১৬ অর্থ বছরে যেখানে ২ হাজার ৯শ ৫১ কোটি টাকা ছিল সেখানে তা বৃদ্ধি পেয়ে ২০২৪-২৫ অর্থ বছরে এই পরিমাণ ২৪ হাজার ৯শ ৬৪ কোটি টাকা হয়েছে । এর ফলস্বরুপ রাজ্যের মূলধনী ব্যয়ের ক্ষেত্রে দেশের প্রথমসারির রাজ্যগুলির মধ্যে আসাম একটি অন্যতম রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন । বাজেট আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী দেশের বর্তমান সামগ্রীক বিকাশের হার ৯ শতাংশের তুলনায় আসামের বিকাশের হার ১৪ থেকে ১৫ শতাংশ বলে উল্লেখ করেন । রাজ্য সরকারের ধ্বজাবাহী প্রকল্প অরুণোদয়ের মাধ্যমে তৃণমূল পর্যায়ে অর্থনীতির বিকাশ সাধন হয়েছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ড: শর্মা বলেন যে দেশের প্রায় ৫ টি রাজ্য অরুণোদয় প্রকল্প দ্বারা অনুপ্রাণিত হয়ে এধরণের প্রকল্প গ্রহন করছে

। মুখ্যমন্ত্রী আরো বলেন যে রাজ্যের ১৭ টি সরকারি প্রতিষ্ঠান বর্তমানে লাভজনক পর্যায়ে রয়েছে ও এই প্রতিষ্ঠানগুলি মোট সম্পদে প্রায় ৪০ হাজার কোটি টাকার অর্থ যুক্ত করেছে ।
রাজ্যে মহানগরের সংখ্যা বৃদ্ধি করার প্রসংগ উত্থাপন করে মুখ্যমন্ত্রী ডিব্রগড় শহরকে আসামের দ্বিতীয় রাজধানী হিসেবে গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে বিধানসভায় জানান ।

---

স্নাতক পরীক্ষার পর যুবক যুবতীদের জীবন সংগ্রাম শুরু হয় বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বিভিন্ন প্রতিযোগীতামূলক পরীক্ষায় অবতীর্ন হোয়ার সময়কালে যুবক-যুবতীদের আর্থিক সহায়তা প্রদানের কথা ঘোষনা করেন । এজন্য রাজ্য সরকার এখন থেকে যুবক যুবতীদের জীবন প্রেরণা প্রকল্পের অধীনে প্রতিমাসে ২ হাজার ৫০০ টাকা করে প্রদান করবে বলে মুখ্যমন্ত্রী ঘোষনা করেন ।

---

রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগে জেলা পরিষদ পর্যায়ে ৫৯৪ টি ও উন্নয়ন খন্ড পর্যায়ে ২ হাজার ৭১০ টি পদ শূন্য রয়েছে । রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রণজিৎ কুমার দাস গতকাল বিধানসভায় বিধায়ক জাকির হুসেইন সিকদারের এক প্রশ্নের উত্তরে একথা জানান যে শূন্য থাকা পদগুলি প্রয়োজন সাপেক্ষে পূরণ করা হবে ।

আসাম সরকার শ্রীভূমি জেলার শনবিলকে অত্যাধুনিক পর্য্যটন কেন্দ্র এবং শনবিল এলাকার মৎস্যজীবিদের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে বাজেটে ১০০ কোটি টাকা অর্থ মঞ্জুর করায় শনবিল এলাকার জনসাধারণ রাজ্যের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা, মন্ত্রী কৃষেন্দু পাল ও বিধায়ক বিজয় মালাকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন ।

আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে শনবিল এলাকার স্থানীয় বাসিন্দারা জানান যে -------- **বাইট ৪০ সেকেন্ড**

---

সাম্প্রতিক জেলা র‍্যাঙ্কিংয়ে চলতি বছরের ফেব্রুয়ারী মাসের জন্য মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা অনুমোদিত তালিকায় কাছাড় জেলা সার্বিক উন্নয়নের নিরিখে নবম স্থান দখল করেছে । উল্লেখ্য কাছাড় জেলা ২০২৪ সালের সেপ্টেম্বরে এই তালিকায় ২৩তম স্থানে ছিলো । জেলার এই গৌরবময় সাফল্যের পরিপ্রেক্ষিতে জেলা আয়ুক্ত মৃদুল যাদব সন্তোষ ব্যক্ত করে বলেন যে এই র‍্যাংকিং শুধুমাত্র একটি সংখ্যা নয় , এটি জেলার সার্বিক উন্নয়নের প্রতিফলন । সবার সম্মিলিত প্রয়াসে এই উন্নয়ন সম্ভব হয়েছে বলে উল্লেখ করে জেলা আয়ুক্ত এই সাফল্যকে ধরে রাখার জন্য সবার প্রতি আহ্বান জানান ।